37

দৈনিক বাংলা

তারিখ ... 11 MAR 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৬

মিনি শিক্ষা শীর্ষ সম্মেলন

# সবার জন্য শিক্ষার প্রতি বাংলাদেশ অঙ্গীকারাবদ্ধ ঃ মোস্তাফিজ

কোপেনহেগেন, ১০ মার্চ, (বাসস)।– ডেনমার্কের রাজধানীতে ইউনেস্কোর উদ্যোগে শুক্রবার মিনি শিক্ষা শীর্ষ সম্মেলনে বাংলাদেশ সবার জন্য শিক্ষার প্রতি তার পূর্ণ প্রতিশ্রুতি-পুনর্ব্যক্ত করেছে।

মিনি শীর্ষ সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন পররাষ্ট্রমন্ত্রী এ এসএম মোস্তাফিজুর রহমান। এতে বিশ্বের সবচেয়ে জনবহুল নয়টি দেশ অংশ নিচ্ছে। পররাষ্ট্রমন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেন,

(৮–এর পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) মোস্তাফিজ

উন্নয়নশীল দেশগুলোতে আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্য অর্জনে নিরক্ষরতা একটি বড় সমস্যা। নয়টি দেশের প্রতিনিধিদলের নেতৃবৃন্দ মৌলিক শিক্ষা এবং সামাজিক উন্নয়ন ও জাতীয় অগ্রগতির স্তম্ভ হিসাবে জীবনভর জ্ঞান আহরণের সুযোগের শর্তের প্রতি তাদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

মিনি শিক্ষা শীর্ষ সম্মেলনে প্রতিনিধিদলের প্রধানগণ এক যৌথ ইশতেহারে সামাজিক উন্নয়নের লক্ষ্য অর্জনে সবার জন্য শিক্ষাকে অপরিহার্য বলে বর্ণনা করেন। সবার জন্য শিক্ষা শীর্ষ সম্মেলনের চেয়ারম্যান ভারতের প্রধানমন্ত্রী পিভি নরসীমা রাও যৌথ ইশতেহার পাঠ করেন। বাংলাদেশ ইশতেহারটি সম্পূর্ণভাবে অনুমোদন করে। সামাজিক উন্নয়নের জন্য বাংলাদেশে শিক্ষার ওপর অগ্রাধিকার আরোপের প্রসঙ্গ তুলে ধরে পররাষ্ট্রমন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেন, বাংলাদেশ সরকার শিক্ষাখাতে সর্বাধিক বাজেট বরাদ্দ দিয়েছে, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু করেছে এবং নিরক্ষরতা দূরীকরণের জন্য মেয়ে শিক্ষার্থীদের বিশেষ সুবিধা দিচ্ছে।

মোস্তাফিজুর রহমান বলেন, আগামী ২০০০ সাল নাগাদ সবার জন্য শিক্ষা সংক্রান্ত একটি জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। সবার জন্য পঞ্চম শ্রেণী পর্যন্ত এবং মেয়ে শিক্ষার্থীদের জন্য দশম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা ও শিক্ষার জন্য খাদ্য কর্মসূচী চালুর প্রসঙ্গে জনাব রহমান বলেন, এরফলে প্রাথমিক স্কুলে শিক্ষার্থীর সংখ্যা ও উপস্থিতি আশাব্যঞ্জকভাবে বেড়েছে এবং স্কুল ত্যাগ কমেছে। প্রাথমিক স্কুল পর্যায়ের মোট ১ কোটি ৭৫ লাখ শিক্ষার্থীর মধ্যে ১৯৯৪ সালে ১ কোটি ৫২ লাখ শিশু তালিকাভুক্ত হয়েছে।